তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং ঃ ৪০/২০১৪

অভিযোগকারী ঃ জনাব ইকবাল হোসেন ফোরকান
পিতা-মরহুম আলহাজ্ব এম এ ফাত্তাহ
৮/জি, কনকর্ড গ্র্যান্ড
১৬৯/১, শান্তি নগর
ঢাকা-১২১৭।

প্রতিপক্ষ ঃ ১। বেগম রিক্তা দত্ত
উপ-নিবন্ধক (সমন্বয় ও কর্মমূল্যায়ন)
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
সমবায় অধিদপ্তর, সমবায় ভবন
এফ ১০/এ-বি, আগারগাঁও সিভিক সেক্টর
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

২। জনাব মোঃ নাইমুর রহমান
যুগ্ম-নিবন্ধক (ব্যাংক ও বীমা)
ও তৃতীয় পক্ষ
সমবায় অধিদপ্তর, ঢাকা।

সিদ্ধান্তপত্র।

(তারিখ ঃ ১৫-০৭-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব ইকবাল হোসেন ফোরকান ১৯-১১-২০১৩ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে সমবায় অধিদপ্তরের উপ-নবিন্ধক (সমন্বয় ও কর্মমূল্যায়ন) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) বেগম রিক্তা দত্ত বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

১. **নিবন্ধনের পর থেকে অদ্যাবধি বাংলাদেশ কো-অপারেটিভ লাইফ ইন্স্যুরেন্স লিঃ এর অনুষ্ঠিত সকল সাধারণ সভা ও বিশেষ সাধারণ সভার তারিখসহ সভার কার্যবিবরণীর সত্যায়িত কপি।**
২. **নিবন্ধনের পর থেকে অদ্যাবধি সমবায় আইন ও বিধিমালা মোতাবেক বাংলাদেশ কো-অপারেটিভ লাইফ ইন্স্যুরেন্স লিঃ এর ব্যবস্থাপনা কমিটির গঠনের নিমিত্তে কোন নির্বাচন অনুষ্ঠিত হয়েছে কিনা? হয়ে থাকলে আলাদা আলাদাভাবে নির্বাচনের তারিখসহ ও প্রতিটি নির্বাচন কমিটির তালিকা।**
৩. **নিবন্ধনের পর থেকে অদ্যাবধি বাংলাদেশ কো-অপারেটিভ লাইফ ইন্স্যুরেন্স লিঃ এর ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠিত না হয়ে থাকলে কি কারণে নির্বাচন করা হয়নি তা জানা আবশ্যক।**
৪. **নির্বাচন না হওয়ায় সমবায় অধ্যাদেশ/আইন এর কত ধারা মোতাবেক এবং কোন কর্তৃপক্ষের আদেশে সমিতির এ্যাডহক/অন্তর্বতী কমিটির মাধ্যমে ব্যবস্থাপনা নির্বাহ হয়েছে তা জানা আবশ্যক এবং মেয়াদকালসহ আলাদা আলাদাভাবে প্রতিটি এ্যাডহক/অন্তর্বতী কমিটির তালিকা।**
৫. **বাংলাদেশ কো-অপারেটিভ লাইফ ইন্স্যুরেন্স লিঃ কে কখনো অবসায়নে ন্যাস্ত করা হয়েছিল কিনা? হয়ে থাকলে প্রতিটি অবসায়নের আদেশ ও কারণসহ প্রত্যাহারের আদেশের কপি।**

(অঃ পৃঃ দ্রঃ)

৬. বাংলাদেশ কো-অপারেটিভ লাইফ ইন্স্যুরেন্স লিঃ এর সর্বশেষ অবস্থা জানা প্রয়োজন। বর্তমানে অবসায়নের আদেশাধীন থাকলে অবসায়ন আদেশের সত্যায়িত কপি আবশ্যক এবং অবসায়ন প্রক্রিয়া কী পর্যায়ে আছে তাও জানা আবশ্যক।

৭. নিবন্ধনের পর থেকে অদ্যাবধি বাংলাদেশ কো-অপারেটিভ লাইফ ইন্স্যুরেন্স লিঃ এর অডিট করা হয়ে থাকলে সকল অডিট প্রতিবেদনের সত্যায়িত কপি।

৮. বাংলাদেশ কো-অপারেটিভ লাইফ ইন্স্যুরেন্স লিঃ এর সকল শেয়ার হোল্ডারদের নাম, ঠিকানা, শেয়ার সংখ্যা ও শেয়ারের পরিমান উল্লেখসহ তালিকা।

৯. বাংলাদেশ কো-অপারেটিভ লাইফ ইন্স্যুরেন্স লিঃ এর শেয়ার মূলধনের পরিমান কত ছিল? শেয়ার মূলধনের টাকা কোথায় কিভাবে/কি আকারে গচ্ছিত ছিল এবং বর্তমানে শেয়ার মূলধনের মোট পরিমান কত? তা জানা আবশ্যক।

০২। আবেদন প্রাপ্তির পর ২৮-১১-২০১৪ তারিখে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) রিক্তা দত্ত, সমবায় অধিদপ্তরের উপ-নিবন্ধক (ব্যাংক ও বীমা)-কে ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে যাচিত তথ্যাদি প্রেরণের অনুরোধ করেন। এ প্রেক্ষিতে সমবায় অধিদপ্তরের উপ-নিবন্ধক (ব্যাংক ও বীমা) জানান যে, তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৭ (ঘ), ৭(ঙ)(ই), ৭(ণ) তথ্য সরবরাহ করা সম্ভব নয়। বিষয়টি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে পত্র মারফৎ জানান। এমতাবস্থায়, অভিযোগকারী তার প্রার্থীত তথ্য না পেয়ে ০৯-০২-২০১৪ তারিখে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সচিব ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পর ৩০-০৩-২০১৪ তারিখে আপীল কর্তৃপক্ষ (আরটিআই) আপীলের শুনানী গ্রহণ করেন। শুনানীঅন্তে সমবায় অধিদপ্তর কর্তৃক তথ্য না দেয়ার বিষয়ে প্রদত্ত সিদ্ধান্ত বহাল রাখেন। আপীল কর্তৃপক্ষের সিদ্ধান্তে অসন্তুষ্ট হয়ে পরবর্তীতে অভিযোগকারী ২৩-০৪-২০১৪ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ১৯-০৫-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ১০-০৬-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। অভিযোগকারী সময় চেয়ে আবেদন করে গরহাজির কিন্তু দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) হাজির। কমিশন কর্তৃক অভিযোগকারীর সময় মঞ্জুর করা হয় এবং ১৫-০৭-২০১৪ তারিখ পুনরায় শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর প্রতি সমন জারী করা হয়।

০৫। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব ইকবাল হোসেন ফোরকান ও প্রতিপক্ষ সমবায় অধিদপ্তরের উপ-নিবন্ধক (সমন্বয় ও কর্মমূল্যায়ন) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) বেগম রিক্তা দত্ত এবং যুগ্ম-নিবন্ধক (ব্যাংক ও বীমা) জনাব মোঃ নাইমুর রহমান হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন তথ্য না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৬। সমবায় অধিদপ্তরের উপ-নিবন্ধক (ব্যাংক ও বীমা) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য প্রাপ্তির আবেদন পেয়ে তিনি সংশ্লিষ্ট শাখাকে তথ্য প্রদানের জন্য পত্র প্রেরণ করেন। সংশ্লিষ্ট শাখা হতে জানানো হয় যে, তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৭ (ঘ), ৭(ঙ)(ই), ৭(ণ) ধারা অনুযায়ী যাচিত তথ্য প্রদান করা সম্ভব নয়। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) আরো জানান বাংলাদেশ কো-অপারেটিভ লাইফ ইন্স্যুরেন্স লিঃ এর তথ্য তার নিকট সংরক্ষিত নেই। উক্ত তথ্য সংশ্লিষ্ট দপ্তরের ব্যাংক ও বীমা শাখা সংশ্লিষ্ট। উক্ত শাখা হতে তথ্য প্রদান না করায় তার পক্ষে অভিযোগকারীর যাচিত তথ্য সরবরাহ করা সম্ভব হচ্ছে না। যুগ্ম-নিবন্ধক (ব্যাংক ও বীমা) জনাব মোঃ নাইমুর রহমান তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারী সমিতির সদস্য না হওয়ায় এবং পলিসি সংক্রান্ত আগাম তথ্য চাওয়ায় তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৭ ধারা অনুযায়ী সরবরাহ যোগ্য নয়।

(অঃ পৃঃ দ্রঃ)

পর্যালোচনা।

অভিযোগকারী, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এবং তৃতীয় পক্ষের উভয়ের বক্তব্য শ্রবনান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, অভিযোগকারীর যাচিত তথ্য আগাম তথ্য নয় এবং তথ্য পাবার ক্ষেত্রে কমিটির সদস্য হতে হবে এমন বিধান না থাকায় তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহযোগ্য। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থীত তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো ঃ-

১। যুগ্ম-নিবন্ধক (ব্যাংক ও বীমা) ও তৃতীয় পক্ষ জনাব মোঃ নাইমুর রহমান-কে জরুরী ভিত্তিতে উপ-নিবন্ধক (সমন্বয় ও কর্মমূল্যায়ন) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) বেগম রিক্তা দত্ত বরাবরে অভিযোগকারীর প্রার্থীত তথ্য সরবরাহের নির্দেশনা দেয়া হলো।

২। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে আগামী ১৪-০৮-২০১৪ তারিখ বা তদ্‌পূর্বে অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য সরবরাহ করার জন্য সমবায় অধিদপ্তরের উপ-নিবন্ধক (সমন্বয় ও কর্মমূল্যায়ন) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশনা দেয়া হলো।

৩। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।

৪। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(মোহাম্মদ ফারুক)
প্রধান তথ্য কমিশনার

[মিজান]